


বর্ষ-০৩ ▮ সংখ্যা-১০ ▮ অক্টোবর ▮ ২০১৬

*বাংলাদেশে কৃষিখাতের উন্নয়নে যাঁরা নিরলস কাজ করে চলেছেন, আমরা সর্বদাই তাঁদের পাশে আছি। আমরা নিউজ লেটারের মাধ্যমে আমাদের কর্মকান্ড তুলে ধরার চেষ্টা করি এবং বিশ্বাস করি আমাদের এই প্রকাশনা আপনাদের কৃষি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে।*

*এই সংখ্যায় থাকছে : জাপানী কোম্পানী* Miura Boilers *এর সাথে দ্বিপাক্ষিক আলোচনা, নারিস ফিডমিল পরিদর্শন, Meyn প্রতিনিধি Mr. Karel de Waal এবং Mr. Alok Raj'র বাংলাদেশ সফর, এসকেপিএফ (প্রাঃ) লিঃ-এর শাহ্ আমলা ফিডমিল,আবির প্রোল্ট্রি হ্যাচারি এন্ড প্রোসেস লিমিটেডের সাথে* Astino Group'*র সাথে চুক্তি সম্পন, নাহার এগ্রো গ্রুপের নাহার ফিড মিল ও সাইলো, সাসো* (SASSO) *ব্রয়লার দেশী মুরগীর বিকল্প, ASTINO AGRO-HOUSE MULTI SYSTEM (AHMS) পোল্ট্রি হাউজ।*

*শুধুমাত্র যন্ত্রপাতী সরবরাহই নয়, আপনার সাহসী যাত্রার স্বার্থক বাস্তবায়ন করাই আমাদের লক্ষ। আমাদের কাস্টমার কেয়ার এবং ইঞ্জিনিয়ারিং টিম সার্বক্ষণিক আপনাকে সহযোগীতা করতে প্রস্তুত।*

*ধন্যবাদান্তে*

*নিউজ লেটার টিম*

## আপনার কৃষি শিল্পের সম্পূর্ণ সমাধান




## আমাদের সেবাসমূহঃ

- প্রকল্প পরিকল্পনা
- প্রকল্প তৈরী
- প্রকল্প বাস্তবায়ন
- প্রকল্প ব্যবস্থাপনা
- বাজার গবেষণা

## আমাদের প্রকল্পসমূহঃ

- ফিড মিল
- পরিবেশ বান্ধব পোল্ট্রি হাউজ
- পোল্ট্রি প্রসেসিং
- মিট প্রসেসিং
- অটোমেটিক রাইস পারবয়েলিং
- ও অন্যান্য কৃষি প্রকল্প

E-mail: info@cknfeeds.com
Website: www.cknfeeds.com
অফিসঃ বাসা-০৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
Phone: +880 2 9121205-06; 9121456

Customer Care:
017 CKNFEEDS 25633337




## জাপানী কোম্পানী Miura Boilers-এর সাথে দ্বিপাক্ষিক আলোচনা



গত ২২ সেপ্টেম্বর ২০১৬ চিক্স এন্ড ফিড্স লিমিটেডের অফিসে বয়লার সরবরাহকারী জাপানী কোম্পানী Miura Boilers-এর সাথে এক দ্বিপাক্ষিক আলোচনা হয়। উক্ত আলোচনায় উপস্থিত ছিলেন Miura Boilers-এর Supervisor Sales Department Mr. Kozu Atsushi ও টিম লিডার জনাব কাজী রাশেদুর রহমান এবং চিক্স এন্ড ফিড্স লিঃ-এর ম্যানেজিং ডিরেক্টর জনাব এখলাসুল হক, এ্যাডভাইজার জনাব শাহেদ ইসরাইল খান, হেড অব অপারেশন (আফটার সেলস সাপোর্ট) ইঞ্জিঃ জনাব শাহিনুর আলম এবং হেড অব অপারেশন (নিউ প্রজেক্ট) ইঞ্জিঃ জনাব এম.কে. নজরুল ইসলাম।

## ফিডমিল পরিদর্শন



বাংলাদেশের স্বনামধন্য বিভিন্ন কোম্পানী বর্তমানে এগ্রো বিজনেসে আগ্রহী হয়ে উঠছে। তারা ফিডমিল, পোল্ট্রি হাউজ, এগ ইন্ডাস্ট্রির মত বিভিন্ন কৃষি সেক্টরে বিনিয়োগে এগিয়ে আসছে। এধরনের প্রজেক্ট করার পূর্বেই চিক্স এন্ড ফিড্স লিঃ সকল আগ্রহী উদ্যোক্তাদের প্রথমে স্বচক্ষে প্রজেক্ট পরিদর্শনের পরামর্শ দিয়ে থাকে এবং এই বিষয়ে সকল প্রশ্নের সমাধান করে থাকে। এরই ধারাবাহিকতায় ফিডমিলে আগ্রহী স্বনামধন্য কোম্পানীর প্রতিনিধিদের নিয়ে FCM ব্রান্ডের ঘন্টায় ৩০-৪০ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি ফিডমিল পরিদর্শনে যায় চিক্স এন্ড ফিড্স লিমিটেডের টিম।

অতিথিগণ ফিডমিলের সামগ্রীক কর্মকান্ড পর্যবেক্ষণ করেন এবং সন্তুষ্টি প্রকাশ করেন।

## Meyn প্রতিনিধি Mr. Karel de Waal এবং Mr. Alok Raj'র বাংলাদেশ সফর



নেদারল্যান্ডের Meyn Food Processing Technology B.V. - থেকে Mr. Karel de Waal, Area Sales Manager এবং Mr. Alok Raj, APTEC Technology Consulting বাংলাদেশ সফরে আসেন। অতিথিবৃন্দ ও Chicks & Feeds Limited সদস্যগণ বাংলাদেশের স্বনামধন্য কিছু প্রতিষ্ঠানের কর্ণধারগণের সাথে মতবিনিময় করেন এবং পোল্ট্রি প্রসেসিং বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

## এসকেপিএফ (প্রাঃ) লিঃ-এর শাহ্ আমলা ফিডমিল






নরসিংদির বেলাবোর আমলাব-এ এসকেপিএফ (প্রাঃ) লিঃ-এর শাহ্ আমলা ফিডমিল স্থাপনের কাজ চলছে। এই ফিড মিল থেকে ঘন্টায় ১২-১৫ টন পিলেট ফিড উৎপাদন হবে যার সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা ঘন্টায় ২০ টন, এই ফিডমিলটি ফিডমিল সরবরাহকারী স্বনামধন্য প্রতিষ্ঠান FCM ব্রান্ডের।






# FCM

**Reliable** **User Friendly** **Robust**

Manufactured by :

**JIANGSU FIVE CONTINENTS MACHINERY CO., LTD.**

E-mail: fcm@fcm-cn.com; www.fcm-cn.com

## Our valued Customers :

- Afil Agro Ltd.
- Bangla Feed Mill Ltd.
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Pocha Feed Ltd.
- Prime Agro Industries Ltd.
- Raj Quality Feed Mill Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- *SKPF*


*and many more...*

CHICKS & FEEDS®
Total Agro-Industrial Solution

**CHICKS & FEEDS LTD.**

E-mail: info@cknfeeds.com
www.cknfeeds.com

Customer Care: 017 CKNFEEDS 25633337




# আবির পোল্ট্রি হ্যাচারি এন্ড প্রোসেস লিমিটেডের সাথে Astino Group'র সাথে চুক্তি সম্পন



আবির প্রোল্ট্রি হ্যাচারি এন্ড প্রোসেস লিমিটেডের সাথে চিকস্ এন্ড ফিডস্ লি: এর একটি চুক্তি সম্পন্ন হয়েছে। গত রবিবার ৫ অক্টোবার আবির প্রোল্ট্রি হ্যাচারি এন্ড প্রোসেস লিমিটেড এর প্রধান কার্যালয় প্রতিষ্ঠানটির পক্ষে জনাব মোশারফ হোসেন এবং Astino এর জেনারেল ম্যানেজার Edvent Chin চুক্তি স্বাক্ষর করেন।

এ সময় উপস্থিত ছিলেন 'চিকস্ এন্ড ফিডস্' এর ব্যবস্থাপনা পরিচালক এখলাসুল হক। চুক্তি অনুযায়ী ASTINO, Malaysia তার বাংলাদেশ প্রতিনিধি Chicks & Feeds Limited র মাধ্যমে ৩ টি শেড স্থাপনে যন্ত্রপাতি সরবরাহ ও কারিগরি সহায়তা প্রদান করবে।
উল্লেখ্য, আবির প্রোল্ট্রি এন্ড প্রোসেস লিমিটেড মোশারফ গ্রুপের একটি সহযোগি প্রতিষ্ঠান। জনাব মোশারফ হোসেন চলতি বছরে রপ্তানিতে সর্বোচ্চ আয় করে প্রধানমন্ত্রী পুরস্কার লাভ করেছেন।

উল্লেখ্য, এ্যানার্জি সেভিং হাউজ Astino গ্রুপের একটি অত্যাধুনিক প্রযুক্তি যা ইতোমধ্যে বাংলাদেশের প্রোল্টি শিল্পে বহুলভাবে ব্যবহৃত হয়ে আসছে। এর বিশেষত্ব হচ্ছে, যে কোন ঋতুতে এই ঘরে সাধারণ তাপমাত্রার তুলনায় ৬ থেকে ৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা কম থাকে। কারণ এতে ঘরের চালে টিনের পরিবর্তে 'পিউ প্যানেল' ব্যবহার করা হয়েছে। বাংলাদেশে বর্তমানে প্যারাগন, এজি এগ্রো এসট্রিনো হাউজ এবং যন্ত্রপাতি ব্যবহার করছে।

# নাহার এগ্রো গ্রুপের নাহার ফিড মিল ও সাইলো





চট্টগ্রামের মীরসরাইতে নাহার এগ্রো গ্রুপের নাহার ফিড মিল, ইউনিট-২'র ফিড মিল ও সাইলো স্থাপনের কাজ চলছে। এই প্লানটি নূন্যতম ২৪-২৫ টন এবং সর্বোচ্চ ৩৮-৪০ টন প্রতি ঘন্টায় উৎপাদন ক্ষমতা সম্পন্ন।

এই ফিডমিলের সাথে ৪,৫০০ মেঃ টন ধারন ক্ষমতা সম্পন্ন তিনটি সাইলো (মোট ১৩,৫০০ মেঃ টন)-এর স্থাপনের কাজ এগিয়ে চলছে। সম্প্রতি AGI Canada প্রতিষ্ঠানিক নাম Mr. Alux এর বাংলাদেশ সফরের সময় প্রতিষ্ঠানের সাইট পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন নাহার এগ্রো'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ রাকিবুর রহমান, ডিজিএম জনাব আব্দুস সালাম, ডিজিএম জনাব হারুন-অর-রশিদ, AGI'র সিস্টেম ডিজাইন ইঞ্জিনিয়ার Mr. Alex Nemtsow এবং চিক্স এন্ড ফিড্স লিঃ'র ইঞ্জিঃ জনাব এম. কে. নজরুল ইসলাম, হেড অব অপারেশন (নিউ প্রজেক্ট) ও ইঞ্জি. জনাব সত্যনাথ সরকার (সেলস এন্ড সাপোর্ট ইঞ্জিনিয়ার)। সাইলো তিনটি স্বনামধন্য কানাডিয়ান প্রতিষ্ঠান AGI (AG Growth International কোম্পানী'র।

নাহার এগ্রোর এই ফিডমিলটির উৎপাদন ক্ষমতা বাংলাদেশের বৃহত্তম ফিডমিল মধ্যে অন্যতম। এই ফিডমিলটি স্বনামধন্য প্রতিষ্ঠান FCM ব্রান্ডের এবং চিক্স এন্ড ফিড্স লিঃ বাংলাদেশ কর্তৃক স্থাপন ও বিক্রয়ত্তোর সেবার আয়ত্তাধীন।




# সাসো (SASSO) ব্রয়লার দেশী মুরগীর বিকল্প

প্রচলিত ব্রয়লারের বিকল্প হিসেবে SASSO যাত্রা শুরু করে। এই যাত্রা শুরু হয়েছে বাণিজ্যিক ব্রয়লার বাজারজাতকরণের খুব কাছাকাছি সময়ে। ব্রয়লার মাংস নিয়ে মানুষের অসন্তুষ্টি ঘোচাতেই মূলতঃ SASSO আবির্ভূত হয়। SASSO-কে এক কথায় বর্ণনা করা যেতে পারে দেশী মুরগীর বিকল্প হিসেবে।

SASSO বাংলাদেশের প্রেক্ষিতে এমন একটি জাত যা খুব সহজেই লালন-পালন করা যায় এবং গ্রামীণ ছোট খামারীরাও অনায়াসে পালন করতে পারেন বাড়তি সরঞ্জাম ছাড়াই।





বাণিজ্যিকভাবে SASSO পালনে দু'ভাবে চিন্তা করা যেতে পারে-

১. আবদ্ধ খামারে

২. উন্মুক্ত খামারে

আমাদের দেশে সাধারনত ঘরের ভেতরে ব্রয়লার পালন করা হয়, বাণিজ্যিক খামারের নিয়ম এরকমই। এর পাশাপাশি SASSO পালন করা যেতে পারে উন্মুক্ত পরিবেশে। এক্ষেত্রে ঘরের বাইরে থাকা সবুজ ঘাসের চত্বরে SASSO সারাদিন ঘুরে বেড়ায়, প্রাকৃতিক খাবারের সন্ধান করে এবং শুধু প্রয়োজন পড়লেই কিছু খাবার Suppliment/ সম্পূরক হিসেবে দেয়া যেতে পারে।


SASSO'র পায়ে সাংকেতিক তথ্য সম্বলিত রিং থাকে যার মাধ্যমে এর উৎপত্তিগত বিভিন্ন তথ্য পাওয়া যাবে এবং বাংলাদেশে সহসায়ই উন্মুক্ত খামার পদ্ধতিতে এই SASSO পালনের উদ্যোগ দেখা যাবে। ঘরের বাইরে থাকা বিস্তর খোলা জায়গায় সারাদিন SASSO খাদ্যের সন্ধানে থাকবে এবং সন্ধ্যাবেলা ঘরে প্রবেশ করবে ঘুমের জন্য।

প্রাকৃতিক নিয়মে SASSO পালনের ক্ষেত্রে সর্বোচ্চ ঘরের পরিমাপ হবে ৪০০-৪৮০ বর্গমিটার অথবা ৪০০০-৪১৬৫ বর্গফুট। প্রতিটি মুরগীর জন্য ১ বর্গফুট জায়গার প্রয়োজন হয়। তবে খোলা জায়গায় দরকার অনেক বেশী।

Chicks & Feeds নিউজলেটার ধারাবাহিকভাবে SASSO সম্পর্কে প্রতিবেদন প্রকাশ করবে, আশা করা যায় বাংলাদেশের পোল্ট্রীশিল্পে নতুন একটি দিক উন্মোচিত হবে।

আমরা বিশ্বাস করি নিরাপদ খাদ্য আমাদের সবার অধিকার এবং SASSO হোক আপনার নিরাপদ Protein Source।





MADE IN MALAYSIA

# The Simple, Flexible and Reliable Source for

## Livestock Equipment & Pre-Fabricated Steel Structures

98% of Prefab steel structures & agro - equipment are proudly manufactured by ASTINO



Single Storey Building



Double Storey Building



Elevated Slatted Floor Building

## Complete **Solution**

- Single Source Responsibility
- Global Knowledge

We have built our reputation by designing, engineering and manufacturing quality, yet affordable pre-fabricated steel structures all over the region.

ASTINO®
The Symbol of Quality

Manufactured by :

**ASTINO AGRO-HOUSE MULTI SYSTEM SDN.BHD.**
E-mail :agro-house@astino.com.my
http://www.astino.com.my

CHICKS & FEEDS®
Total Agro-Industrial Solution

Distributor for Bangladesh :

**CHICKS & FEEDS LTD.**
E-mail: info@cknfeeds.com
www.cknfeeds.com



# ASTINO AGRO-HOUSE MULTI SYSTEM (AHMS) পোল্ট্রি হাউজ



পোল্ট্রি ফার্মের  জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় পোল্ট্রি শেড বা ঘর নির্বাচন। মুরগির পরিপূর্ণ বৃদ্ধির জন্য আলো-বাতাসের পরিমান ঠিক রেখে ঘরে সার্বক্ষণিক সঠিক তাপমাত্রা বজায় রাখা আবশ্যক। পাশাপাশি নিশ্চিত করতে হয় পরিমান মত খাদ্য ও পানীর সরবরাহ। একটি আধুনিক ঘরে এইসকল সুবিধা বিদ্যমান থাকা বাঞ্চনীয়।


বাণিজ্যিকভাবে মুরগি পালনের জন্য সারাবিশ্বে সাধারনত ৪০০ ফিট x ৪০ ফিট = ১৬০০০ বর্গফুটের ঘর বিবেচনা করা হয়। ব্রীডার ফার্মের ক্ষেত্রে এই আকৃতির একটি ঘরে ৮০০০টি মুরগি ও ১০০০টি মোরগ রাখা হয়। বাণিজ্যিক ব্রয়লারের ক্ষেত্রে প্রায় ২০,০০০ ব্রয়লার মুরগী এবং বাণিজ্যিক লেয়ার মুরগীর ক্ষেত্রে খাচা ব্যবহার করে প্রায় ৭০,০০০-৮০,০০০ মুরগি রাখা সম্ভব। তবে ঘরের আয়তন এর চেয়ে কম বেশি হতে পারে, সেক্ষেত্রে মুরগীর সংখ্যাও পরিবর্তিত হবে।


মুরগী পালনের সবচেয়ে বড় বিষয় বায়োসিকিউরিটি বা জীব-নিরাপত্তা। কারণ একটি ফার্মের জীব-নিরাপত্তা যদি নিশ্চিত করা যায় তবে শতভাগ বাণিজ্যিক মুনাফা নিশ্চিত হয়, নতুবা ফার্মটি কাঙ্ক্ষিত ফলাফল অর্জনে ব্যার্থ হয় এবং ক্ষতির ঝুঁকিতে থাকে। সঠিক জীব-নিরাপত্তার অভাবেই বেশ কয়েক বছর আগে বার্ড ফ্লুর সংক্রমণে সমগ্র বাংলাদেশের পোল্ট্রি শিল্পে ধশ নামে এবং বহু ফার্ম বন্ধ হয়ে যায়, অনেক বিনিয়োগকারী সর্বস্ব হারিয়ে দিশেহারা হয়ে পরে। সাম্প্রতিক সময়ে সকল খামারীই জীব-নিরাপত্তা বিষয়ে সচেতন ফলে তাদের ফার্ম থাকে অধিক নিরাপদ।

আধুনিক পোল্ট্রি ইন্ডাস্ট্রিতে ASTINO গ্রুপ উন্নত প্রযুক্তি সমৃদ্ধ সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব বিভিন্ন ASTINO AGRO-HOUSE MULTI SYSTEM (AHMS) পোল্ট্রি হাউজ সরবরাহ করছে। এই পোল্ট্রি হাউজগুলো অভিজ্ঞ পেশাদার ব্যক্তিদের মাধ্যমে এমনভাবে নকশা ও তৈরী করা হয় যাতে পণ্যের গুণগতমান অটুট থাকে, নির্ভরযোগ্যতা বৃদ্ধি পায়, দামে সাশ্রয়ী হয়, সহজ রক্ষণাবেক্ষণ এবং নিরাপদ স্যানিটারি অবস্থা বজায় থাকে।



ASTINO পোল্ট্রি হাউজের ছাদে PU ধাতু ব্যবহার করা হয়। উপরে ও নীচে দুটি ধাতুর পাতের মাঝে Polyurethane (PU) ফোম দিয়ে এই ছাদ তৈরী করা হয়। এর ফলে বাইরের তাপমাত্রার তুলনায় ঘরের ভিতরের তাপমাত্রা প্রায় ৭ থেকে ৮ ডিগ্রি সেলসিয়াস কম হয়। এছাড়াও এই ফোমের আর্দ্রতা কম এবং অগ্নিনিরোধক, ফলে ঘর থাকে সম্পূর্ণ নিরাপদ। পাশের দেয়াল থেকে ছাদের উচ্চতা খুব কম থাকে ফলে ছাদের নিচে সিলিং ব্যবহারের প্রয়োজন হয় না এবং এন্টির‍্যাট নেট থাকায় ইঁদুরের প্রকোপ থেকে শতভাগ রক্ষা করা সম্ভব হয়।




*চিত্রঃ PU Metal ব্যবহারের কারণে ঘরের তাপমাত্রার সাথে বাইরের তাপমাত্রার পার্থক্য*

এই ঘরের একপ্রান্তে থাকে এক্সোস্ট ফ্যান এবং অপর প্রান্তে থাকে কুলার প্যাড যার মধ্য দিয়ে মটরের মাধ্যমে পানি প্রবাহিত করা হয়। এক্সোস্ট ফ্যান যখন চালু হয় তখন ভিতরের বাতাস বাইরে বের হয়ে আসে এবং ভিতরে বাতাসের শূণ্যতা সৃষ্টি হয়। এই শূণ্যতা পূরনের জন্য অপর পাশ থেকে কুলার প্যাডের ভিতর দিয়ে বাতাস ভিতরে প্রবেশ করে এবং কুলার প্যাডের পানির সংস্পর্শে বাতাসে আর্দ্রতা বেড়ে যায় এবং ঘরের তাপমাত্রা হ্রাস পায়। সম্পূর্ণ প্রক্রিয়াটি কন্ট্রোল সিস্টেমের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়। ঘরে সাদা ও কালো দুটি রং-এর কার্টেন ব্যবহার করে আলো সরবরাহ ঠিক রাখা হয়। স্বয়ংক্রিয়ভাবে খাবার ও পানি সরবরাহ করা হয় যাতে প্রতিটি মুরগীই পরিমানমত খাদ্য ও পানি খেতে পারে।

সময় এবং জায়গার কথা বিবেচনা করে এই ঘরগুলো এমনভাবে তৈরী করা হয় যাতে খুব সহজে ও অল্প সময়ে স্থাপন করা যায় এবং দ্বিস্তর বা ত্রিস্তর ঘরও তৈরি করা হয়।

ইতোমধ্যেই আমাদের দেশের স্বনামধন্য বেশ কিছু কোম্পানী তাদের ফার্মে বাণজ্যিক এই ঘরগুলো ব্যবহার করছে এবং চিক্স এন্ড ফিড্স লিঃ বিক্রয়োত্তর সেবা ও সহযোগীতা করছে।




বর্ষ-০৩ ▫ সংখ্যা-১০ ▫ অক্টোবর ▫ ২০১৬

## Our Global Partners:

**FCM, China**
Turn-key Feed Mill Project

**AGI, Canada**
Grain Handling and Storage Silo

**ASTINO, Malaysia**
Environment Controlled House & Equipment

**SASSO, France**
The World's Largest Choice of Coloured Breeders

**Meyn, Netherland**
Poultry Processing Solution

**V-Cons Group, Belgium**
Cattle & Sheep Slaughterlines and Cutting Plants

**Studio Tecnico Appiani, Italy**
Modern Rice Mill and
Parboiling Gariboldi Technology

## Our valued Customers :

- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- CSD, Bangladesh Army
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Keari Poultry & Hatchery Ltd.
- Kazi Farms Group
- Kulsum Feed
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Pocha Feed Ltd.
- Prime Agro Industries Ltd.
- Provita Feed Ltd.
- Raj Quality Feed Mill Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- *SKPF*

*and many more...*

**সাশ্রয়ী**
**ইলেক্ট্রিকাল**
**কন্ট্রোল প্যানেল**



**Central Control Panel, LT Panel, PLC Control Panel এবং**
**All Electrical Solution**
**যোগাযোগ-**
**ইঞ্জিনিয়ারিং টিম**
Chicks & Feeds Limited

অফিসঃ বাসা-৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোনঃ + ৮৮০ ২ ৯১২ ১২০৫-০৬, ৯১২ ১৪৫৬, ০১৭১১ ২৬২৩৯৪
Customer Care: 017 CKNFEEDS 25633337